গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
শাখা ডি-১১ (প্রশাসন)
www.mod.gov.bd

স্মারক নং: ২৩.০০.০০০০.১১০.১১.০০২.২৫.৫৬৫

তারিখ: ২৬ চৈত্র ১৪৩১ / ০৯ এপ্রিল ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের রাজস্বখাতভুক্ত নিম্নোক্ত শূনপদে অস্থায়ীভাবে সরাসরি নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে অনলাইনে (http://mod.teletalk.com.bd ওয়েবসাইটে) দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্র: | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জা. বে. স্কেল, ২০১৫ অনুযায়ী) | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১ | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>(গ্রেড-১৩)<br>১১,০০০-২৬,৫৯০/- | ০৩টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৭০ শব্দ এবং বাংলায় ৪৫ শব্দ;<br>(গ) কম্পিউটার টাইপিং সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ ও বাংলায় ২৫ শব্দ;<br>(ঘ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(ঙ) কম্পিউটার Word Processing সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। |
| ২ | ক্যাশিয়ার<br>(গ্রেড-১৪)<br>১০,২০০-২৪,৬৮০/- | ০১টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী; এবং<br>(খ) কম্পিউটারে Word Processing সহ কম্পিউটার চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৩ | লাইব্রেরি এসিসটেন্ট<br>(গ্রেড-১৫)<br>৯,৭০০-২৩,৪৯০/- | ০১টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার বিজ্ঞান বিষয়ে সার্টিফিকেট কোর্স; এবং<br>(গ) গ্রন্থাগারকাজে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ৪ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>(গ্রেড-১৬)<br>৯,৩০০-২২,৪৯০/- | ০৫টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ; এবং<br>(ঘ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৫ | (হিসাবকোষের জন্য)<br>অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>(গ্রেড-১৬)<br>৯,৩০০-২২,৪৯০/- | ০১টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ; এবং<br>(ঘ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৬ | অফিস সহায়ক<br>গ্রেড-২০<br>৮,২৫০-২০,০১০/- | ২২টি | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**<u>শর্ত ও নিয়মাবলী:</u>**

১। সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

২। এই নিয়োগ বিজ্ঞপ্তির ছকের ১, ৪ ও ৬ নং ক্রমিকে বর্ণিত পদসমূহ পূরণে "বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪" (২০২০ সালে সংশোধিত) অনুসরণ করা হবে। ৩ নং ক্রমিকে বর্ণিত পদ পুরণে "গ্রন্থাগার কর্মকর্তা-কর্মচারী (প্রতিরক্ষা মন্ত্রণালয়) নিয়োগ বিধিমালা, ২০১৩ অনুসরণ করা হবে এবং ২ ও ৫ নং ক্রমিকে বর্ণিত পদ পূরণে " মন্ত্রণালয় ও বিভাগসমূহের হিসাব কোষের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮, অনুসরণ করা হবে।

৩। সকল পদে ০৬/০৪/২০২৫ খ্রি. তারিখে প্রার্থীর বয়স ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। তবে, বিভাগীয় প্রার্থীদের সর্বোচ্চ বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৪। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। বিজ্ঞপ্তির ক্রমিক ১ ও ৪-এ বর্ণিত পদের ক্ষেত্রে বিভাগীয় প্রার্থীদের বয়সসীমা ৪০ বছর পর্যন্ত সিথিলযোগ্য হিসেবে গণ্য হবে। বিভাগীয় প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর option select করতে হবে। চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূল কপি জমা দিতে হবে।

৫। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই নিম্নবর্ণিত সনদসমূহের মূলকপি প্রদর্শন করতে হবে এবং একসেট সত্যায়িত কপি জমা দিতে হবে:

(ক) সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, নাগরিকত্ব, চারিত্রিক ও সকল প্রকার প্রশিক্ষণের সনদ এবং সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙিন ছবি;

(খ) জাতীয় পরিচয়পত্র, অনলাইনে পূরণকৃত Application Form এবং Admit Card;

(গ) মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ; এবং

(ঘ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ।

৬। <u>অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলি:</u>

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://mod.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৬ এপ্রিল ২০২৫ সকাল ১০:০০ টা।

(ii) Online-এ আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময়: ৩০ এপ্রিল ২০২৫ বিকাল ০৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ ১০০KB ও স্বাক্ষরের সাইজ ৬০KB এর মধ্যে হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র **Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা/ঘষা মাজা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (ওয়েবে) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিয়োক্ত পদ্ধতিতে যেকোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ২টি এসএমএস করে ক্রমিক ১-৫ নং পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ (ভ্যাটসহ) ১২/- (বারো) টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ১১২/- (একশত বারো) টাকা; ক্রমিক-৬ নং পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ (ভ্যাটসহ) ৬/- (ছয়) টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ৫৬/- (ছাপান্ন) টাকা এবং অনগ্রসর নাগরিক (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) সকল গ্রেডের পদের পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ (ভ্যাটসহ) ৬/-(ছয়) টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ৫৬/- (ছাপান্ন) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন।

এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**প্রথম** SMS: MOD<space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে। Example: MOD ABCDEF

Reply: Applicant's Name, TK-১১২/৫৬ will be charged as application fee. Your PIN is ১২৩৪৫৬৭৮. To pay fee Type MOD<Space>Yes<space>PIN and send to ১৬২২২.

**দ্বিতীয়** SMS: MOD<space>Yes<space>PIN লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: MOD Yes ১২৩৪৫৬৭৮

Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for MOD Application for (post name). User ID is (ABCDEF) and password (xxxxxxxx)

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://mod.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী **Download পূর্বক রঙিন Print করে নিবেন**। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত এবং মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন:

(i) User ID জানা থাকলে: MOD<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: MOD Help User ABCDEF

(ii) PIN Number জানা থাকলে: MOD<space>Help<space>PIN<space>PIN Number & Send to ১৬২২২.
Example: MOD Help PIN ১২৩৪৫৬৭৮

(ঝ) পত্রিকা ছাড়াও প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.mod.gov.bd, আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) অথবা বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.mod.gov.bd হতে জানা যাবে।

(ঞ) Online-এ আবেদনের ক্ষেত্রে কোনো সমস্যা হলে যে কোনো টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা d11@mod.gov.bd ই-মেইল এ যোগাযোগ করা যাবে। এছাড়া, টেলিটকের জব পোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে (Mail/মেসেজ এর subject-এ Organization Name MOD, Post Name: Applicant's User ID (প্রযোজ্য ক্ষেত্রে) ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৭। আবেদনের শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

৮। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান ও কোটা নীতি এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোনরূপ সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৯। নিয়োগ সংক্রান্ত বিষয়ে যেকোন ধরণের তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে এবং কোন কারণ উল্লেখ ব্যতিত প্রার্থীর প্রার্থীতা বাতিল হবে।

১০। কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১১। লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। আবেদনের শর্তাবলিতে উল্লেখ করা হয়নি এরূপ ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

স্মারক নং: ২৩.০০.০০০০.১১০.১১.০০২.২৫.৫৬৫

তারিখ: ২৬ চৈত্র ১৪৩১ / ০৯ এপ্রিল ২০২৫

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।

৪। সচিবের একান্ত সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৫। সিস্টেম এনালিস্ট, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে নিয়োগ বিজ্ঞপ্তি বক্সে প্রকাশের/প্রদর্শনের অনুরোধসহ)।

৬। অফিস কপি।

07/04/2025

আবু হাসনাত মোঃ মঈনউদ্দিন
উপসচিব
ডি-১১ শাখা (প্রশাসন)
ও
সদস্য-সচিব,
বিভাগীয় নিয়োগ/পদোন্নতি/টাইমস্কেল/
সিলেকশন গ্রেড কমিটি, প্রতিরক্ষা মন্ত্রণালয়
ফোন: ০২-৫৮১৫১৩৭১